গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০৩৫.২২.২৪০

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯
২৫ জুলাই ২০২২

বিষয়: **মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০২১-২২ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য প্রেরণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৩২১.১৬.০০৪.২২-১০৪, তারিখ : ০৩/০৭/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ওমন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন নির্ধারিত ছকে হার্ড কপি ও সফট কপি পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ০৮ (আট) পাতা।

২৫-৭-২০২২
মো: আলী হায়দার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১০৮৩
ইমেইল: csmoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।


**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, রিপোর্ট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০৩৫.২২.২৪০/১(৩)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯
২৫ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) যুগ্মসচিব, সমন্বয় অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২) সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



২৫-৭-২০২২

মো: আলী হায়দার

সিনিয়র সহকারী সচিব

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: **যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা: ০৬টি

প্রতিবেদনাধীন বছর: ২০২১-২০২২

প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ১৯/০৭/২০২২

(১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ৯৩ | ৭৭ | ১৬ | - | - |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ৬৪৩২ | ৪৯০৮ | ১৫২৪ | ২১৬৭ | - |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ৪২০ (৫৪টি আউট সোর্সিংসহ) | ৩৩০ | ৯০ (৫৪টি আউট সোর্সিংসহ) | ২৩ | - |
| ক্রীড়া পরিদপ্তর | ৪২৫ | ৩৭৫ | ৪৫ | ৬৯ | - |
| জাতীয় ক্রীড়া পরিষদ | ৫৫৬ | ২৯৩ | ২৬৩ | ০১ | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | ০৬ | ০৩ | ০৩ | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | ৪৫ | ০২ | ৪৩ | - | - |
| মোট= | ৭৯৭৭ | ৫৯৮৮ | ১৯৮৪ | ২২৬০ | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | - | ০৫ | ০৫ | ০৪ | ০২ | ১৬ |
| যুব উন্নয়ন অধিদপ্তর | - | ০৫ | ২৭২ | ৩৩১ | ৬৯৬ | ২২০ | ১৫২৪ |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | - | ১৬ | - | ১০ (০১ আউটসোর্সিংসহ) | ৬৪ (৫৩ আউটসোর্সিংসহ) | ৯০ (৫৪ আউটসোর্সিংসহ) |
| ক্রীড়া পরিদপ্তর | - | ১০ | ২০ | - | ০৭ | ০৮ | ৪৫ |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | ২৩ | ৩৫ | ৫৯ | ১৪৬ | ২৬৩ |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | ১ | ২ | ৩ |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | ১৩ | ১৪ | ১০ | ০৬ | ৪৩ |
| মোট= | | ১৫ | ৩৪৯ | ৩৮৫ | ৭৮৭ | ৪৪৮ | ১৯৮৪ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা :

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা :

চলমান পাতা/০২

১.৫ অন্যান্য পদের তথ্য

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | - |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ১০৩২ | - |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - |
| ক্রীড়া পরিদপ্তর | - | - |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | - | - | - | - | - | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ০২ | ১৮ | ২০ | - | ১৭৬ | ১৭৬ | - |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ০৬ | ০১ | ০৭ | ০৬ | ০৬ | ১২ | - |
| ক্রীড়া পরিদপ্তর | ০২ | - | ০২ | - | ২৫ | ২৭ | - |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | - | - | - | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | - | - | - | - |
| **মোট=** | **১০** | ১৯ | ২৯ | ০৬ | ২০৭ | ২১৫ | |

-২-

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | প্রতিমন্ত্রী | উপমন্ত্রী | সিনিয়র সচিব/সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ৩৪ দিন | | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | | - | - |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | প্রতিমন্ত্রী | উপমন্ত্রী | সিনিয়র সচিব/সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ৮২ দিন | - | ৩৫ | - |

চলমান পাতা/০৩

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: ০ (শূন্য)।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত/পুঞ্জীভূত সংখ্যা)
(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ১৬ | ২.০৪৯৯ | ১৬ | ১৪ | ১.৯৯৪ | ০২ | ০.০৫৫৯ |
| ২. | যুব উন্নয়ন অধিদপ্তর | ৩৯ | ১১.৬৯৩৫ | ৩৯ | ০৭ | ২.৯২৪৪ | ৩২ | ৮.৭৬৯১ |
| ৩. | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ১৩ | ০.৭৪ | ১৩ | ০২ | ০.০৬ | ১১ | ০.৬৮ |
| ৪. | ক্রীড়া পরিদপ্তর | - | - | - | - | - | ২২ | ১৭৯.০৯ |
| ৫. | জাতীয় ক্রীড়া পরিষদ | ৩৭ | ২৪.৪০ | ৩৪ | ০৫ | ৩.৮৬ | ৩২ | ২০.৫৪ |
| ৬. | বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - | - | - |
| ৭. | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | - | - | - | - |
| | সর্বমোট= | ১০৫ | ৩৮.৮৮৩৪ | ১০২ | ২৮ | ৮.৮৩৮৪ | ৯৯ | ২০৯.১৩৫ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা

**(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০২১-২২) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | - | - | - | - | - |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ২৭ | - | ০৪ | ০৮ | ১২ | ১৫ |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ০৩ | ০১ | ০১ | - | ০২ | ০১ |
| ক্রীড়া পরিদপ্তর | - | - | - | - | - | - |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | - | - | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | - | - | - |
| মোট= | ৩০ | ০১ | ০৫ | ০৮ | ১৪ | ১৬ |

চলমান পাতা/০৪

**(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)**

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | - | - | - | - |
| যুব উন্নয়ন অধিদপ্তর | - | ০৫ | - | ০৫ | ০১ |
| জাতীয় ক্রীড়া পরিষদ | ০১ | ০২ | ০১ | ০৪ | - |
| ক্রীড়া পরিদপ্তর | - | - | - | - | - |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | - | - | - | - |
| বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | - | - |
| মোট= | ০১ | ০৭ | ০১ | ০৯ | ০১ |

**(৫) মানবসম্পদ উন্নয়ন**

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা (জন) |
|---|---|---|
| | ১ | ২ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ৩৮ | ১৫৮৭ জন |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ৮৩ | ৩০৭১৭৬ জন |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ২১ | ২৭ জন |
| ক্রীড়া পরিদপ্তর | ০২ | ১২৮ জন |
| জাতীয় ক্রীড়া পরিষদ | ১২ | ৯৯৩১ জন |
| বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - |
| মোট= | ১৫৬ | ৩১৮৮৪৯ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০২১-২০২২) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা :

১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক কর্মকর্তা ও কর্মচারীদের ৬০ ঘন্টার ইন-হাউজ, সঞ্জীবনী প্রশিক্ষণ, অবহিতকরণ প্রশিক্ষণ এবং উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি ও সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালা।

২) যুব উন্নয়ন অধিদপ্তরে ৫০ ঘন্টা ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

৩) জাতীয় ক্রীড়া পরিষদের ১৬-২০ গ্রেডের ৮০ জন কর্মচারীকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

চলমান পাতা/০৫

৪) বিকেএসপিতে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক কর্মশালা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ইন-হাউজ প্রশিক্ষণ, শিক্ষকদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ এবং তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নাই।

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না? অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:

১) ০৩ জন (যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের)

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা (টি) | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণ-কারীদের সংখ্যা(জন) |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০২ টি | ৬০ জন |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ৫৯৫টি (বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে) | ২১০৪০ জন<br>৭৫০ জন |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ০২ টি | ৫০ জন |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - |
| ক্রীড়া পরিদপ্তর | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | ০১ টি | ৮২ জন |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - |
| **মোট=** | ৬০০ | ২১৯৮২ জন |

চলমান পাতা/০৬

(৭)তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা (টি) | মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (Local Area Network) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (Wide Area Network) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা (জন) | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | কর্মকর্তা | কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ৭০ টি | হ্যাঁ | হ্যাঁ | হ্যাঁ | ৩২ জন | ৫৬ জন |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ৮০ টি | হ্যাঁ | হ্যাঁ | হ্যাঁ | ৩৮জন | ৫২ জন |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ২৩ টি | হ্যাঁ | হ্যাঁ | হ্যাঁ | ৯০ জন | ৫৬ জন |
| ক্রীড়া পরিদপ্তর | ৮০ টি | হ্যাঁ | হ্যাঁ | - | ৮৪ জন | ১১৪ জন |
| জাতীয় ক্রীড়া পরিষদ | ৪৮ টি | হ্যাঁ | হ্যাঁ | - | ৩৫ জন | ৪৫ জন |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | ৫ টি | হ্যাঁ | - | হ্যাঁ | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | ১০০টি | হ্যাঁ | - | হ্যাঁ | - | - |
| মোট= | ৪০৬টি | - | - | - | ২৭৯ জন | ৩২৩ জন |

(৮) ক্রমিক নং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট নয়।

(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০২১ (২০২১ সনের ৩নং আইন)-এর স্থালে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেনের প্রস্তাবিত আইন, ২০২২ সংশোধনের কার্যক্রম চলমান।

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা :

৯.২ প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত **গুরুতপূর্ণ/উল্লেখযোগ্য** কার্যাবলি :

**ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়:**

ক.১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে ১১ (এগারো) টি ক্যাডার পদসহ মোট ৩৭ (সাঁইত্রিশ) টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গিয়াছে।

ক.২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নন-গেজেটেড ০৫টি শূন্য পদ নিয়োগের মাধ্যমে পূরণ করা হয়েছে।

ক.৩) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১টি জিপ গাড়ি ক্রয় করা হয়েছে।

ক.৪) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের জন্য ০৭টি কম্পিউটার, ০৭টি ল্যাপটপ এবং প্রিন্টার ক্রয় করা হয়েছে।

ক.৫) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সভাকক্ষ (কনফারেন্স রুম)-এর আধুনিকায়ন করা হয়েছে।

ক.৬) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার বাৎসরিক বাজেট প্রাক্কলন এবং সংশোধিত বাজেট প্রণয়ন করা হয়েছে;

ক.৭) মন্ত্রণালয়ের বাজেট কাঠামো (MBF) প্রণয়ন ও হালনাগাদকরণ করা হয়েছে;

ক.৮) অর্থ বিভাগ হতে প্রাপ্ত সম্পদ সীমার ভিত্তিতে (Resource Ceiling) সচিবালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা নির্ধারণ করা হয়েছে;

ক.৯) বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) প্রণয়ন করা হয়েছে;

চলমান পাতা/০৭

ক.১০) অর্থ বিভাগ প্রণীত নির্দেশনা এবং ছক অনুযায়ী বাজেট বাস্তবায়ন প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে;
ক.১১) অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব (প্রয়োজন হলে) পরীক্ষা-নিরীক্ষা পূর্বক অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে;
ক.১২) মন্ত্রণালয়ের বার্ষিক উপযোজন হিসাব প্রণয়ন এবং নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে;
ক.১৩) বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য এ মন্ত্রণালয়ের তথ্যাদি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে;
ক.১৪) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা (বাংলা ও ইংরেজি) প্রণয়নের জন্য অর্থ বিভাগে তথ্যাদি প্রেরণ করা হয়েছে;
ক.১৫) জেন্ডার বাজেট প্রতিবেদন প্রস্তুতের জন্য নির্ধারিত টেমপ্লেট-এ (বাংলা ও ইংরেজি) অর্থ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে;
ক.১৬) এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর ভ্রমণ ব্যয় নির্বাহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে ভ্রমণ ব্যয় খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদানের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে পেরণ করা হয়েছে;
ক.১৭) এ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর ভ্রমণ ব্যয় নির্বাহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অনুকূলে ভ্রমণ ব্যয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের প্রকৃত হিসাব ত্রৈমাসিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে;
ক.১৮) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং তাদের নিয়ন্ত্রণাধীন কার্যালয়সমূহ কর্তৃক এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার নিকট পাওনা ভূমি উন্নয়ন কর/পৌর কর পরিশোধের লক্ষ্যে দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে;
ক.১৯) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করা হয়েছে;
ক.২০) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করা হয়েছে।

**খ) জাতীয় ক্রীড়া পরিষদ:**

খ.১) ০৭ জুলাই থেকে ২৫ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত জিম্বাবুয়ে হারাবে অনুষ্ঠিত ১টি টেস্ট ৩টি ওয়ানডে ও ৩টি টি টুয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে বাংলাদেশ ক্রিকেট দল জিম্বাবুয়েকে হারিয়ে ৩টি ওয়ানডেতে ৩-০ হোয়াটওয়াশ এবং তিনটি টি-টুয়েন্টিতে ২-১ সিরিজ জয় করার গৌরব অর্জন করে।

খ.২) ৩-৯ আগস্ট ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত বাংলাদেশ বনাম অস্ট্রেলিয়ার মধ্যে ৫টি টি-২০ আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে অস্ট্রেলিয়া ক্রিকেট দলকে হারিয়ে বাংলাদেশ ক্রিকেট দল ৪-১ সিরিজ জয় করার গৌরব অর্জন করে।

খ.৩) ৫ আগষ্ট ২০২১ তারিখ বাংলাদেশে অনুষ্ঠিত “শেখ কামাল আন্তর্জাতিক এয়ারগান চ্যাম্পিয়নশীপে বাংলাদেশের শ্যূটার রাব্বি হাসান মুন্না রৌপ্য পদক অর্জন করে।

খ.৪) ৩০ আগস্ট থেকে ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত বাংলাদেশ অনুর্ধ্ব-১৯ ক্রিকেট দল বনাম আফগানিস্থান অনুর্ধ্ব-১৯ ক্রিকেট দলের মধ্যে ৫টি ওয়ানডে ও ৪টি আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে আফগানিস্থান দলকে ৩-২ ব্যবধানে বাংলাদেশ অনুর্ধ্ব-১৯ ক্রিকেট দল সিরিজ জয় লাভ করার গৌরব অর্জন করে।

চলমান পাতা/০৮

খ.৫) ১-১০ সেপ্টেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত বাংলাদেশ বনাম নিউজিল্যান্ডের মধ্যে ৫টি টি-২০ আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে নিউজিল্যান্ডকে ৩-২ ব্যবধানে বাংলাদেশ ক্রিকেট দল সিরিজ জয় লাভ করার গৌরব অর্জন করে।

খ.৬) ২৭ অক্টোবর হতে ৩১ অক্টোবর, ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত "Bangladesh Central South Asian Artistic Gymnastics Championship-2021" এ বাংলাদেশের জিমন্যাষ্ট রৌপ্য এবং তিনটি তাম্র পদক অর্জন করে ৩য় স্থান অধিকার করে।

খ.৭) ১৮ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত ২য় শেখ রাসেল আন্তর্জাতিক অনলাইন শ্যুটিংএয়ারগান চ্যাম্পিয়নশীপে বাংলাদেশের শ্যুটার রাব্বি হাসান মুন্না ১০ মিঃ এয়ার রাইফেলের স্বর্ণ ১০মি. এয়ার রাইফেল (মহিলা) সৈয়দা আতকিয়া হাসান রৌপ্য এবং ১০মি. এয়ার পিস্তল (পুরুষ) শাকিল আহমেদ তাম্র পদক অর্জন করে।

খ.৮) ১৮-২৪ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত চায়নায় অনুষ্ঠিত IWUF উশু তাউলু কম্পিটিশন-২১ (ভার্চুয়াল) এ বাংলাদেশ উশু দল ২ টি স্বর্ণ, ৯টি রৌপ্য এবং ২৩ টি তাম্র পদক অর্জন করেন।

খ.৯) ২৭-৩১ অক্টোবর, ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত " বঙ্গবন্ধু ৫ম সেন্ট্রাল সাউথ এশিয়ান অটিষ্টিক জিমন্যাষ্টিকস চ্যাম্পিয়নশীপে বাংলাদেশের জিমন্যাষ্ট রাজিব চাকমা জুনিয়র বিভাগে রৌপ্য এবং ভোল্টিং টেবিল ইভেন্টে টেবিল ইভেন্টে তাম্র নারী ভোল্টিং টেবিল ইভেন্টে বনফুল চাকমা তাম্র পদক এবং জুনিয়র অল অ্যারাউন্ড দলগত ইভেন্টে তাম্র পদক অর্জন করে। বাংলাদেশ জিমন্যাস্ট দল ১টি রৌপ্য ও ৩টি তাম্র পদক অর্জন করে।

খ.১০) ১০-১৫ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত জিম্বাবুয়ে অনুষ্ঠিত বাংলাদেশ বনাম জিম্বাবুয়ের মধ্যে তিনটি ওয়ানডে আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে বাংলাদেশ নারী ক্রিকেট দল ২-১ ব্যবধানে জিম্বাবুয়ে নারী ক্রিকেট দলকে হারিয়ে সিরিজ জয় করার গৌরব অর্জন করে।

খ.১১) ১৩-১৯ নভেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত "তীর ২২তম এশিয়ান চ্যাম্পিয়নশীপ-২০২১ বাংলাদেশের আর্চাররা রিমার্ভ মিশ্র হাকিম আহমেদ রুবেল ও দিয়া সিদ্দিকী রৌপ্য, রিকার্ভ পুরুষ দলগত ভাবে হাকিম আহমেদ রুবেল, রামকৃষ্ণ ও মোঃ রোমান সানা তাম্র এবং রিকার্ভ মহিলা দলগততে নাসরিন আক্তার, বিউটি রায় ও দিয়া সিদ্দিকী তাম্র পদক অর্জন করে, ১টি রৌপ্য ও ২টি তাম্র পদক অর্জন করেন।

খ.১২) ২১ নভেম্বর হতে ৫ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত জিম্বাবুয়েতে অনুষ্ঠিত নারী বিশ্বকাপ বাছাই পর্বে বাংলাদেশ নারী ক্রিকেট দল পাকিস্তান নারী ক্রিকেট দলকে ৩ উইকেটে, যুক্তরাষ্টকে ২৬৯ রানে হারিয়ে বিশ্বকাপে খেলার গৌরব অর্জন করে।

খ.১৩) ২১ নভেম্বর হতে ৬ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত ভারতে অনুষ্ঠিত ত্রিদলীয় ক্রিকেট টুর্নামেন্ট বাংলাদেশ অনুর্ধ্ব-১৯ ক্রিকেট দল অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।

খ.১৪) ১১-২২ ডিসেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত সাফ অনুর্ধ্ব-১৯ ওমেন্স চ্যাম্পিয়নশীপ ২০২১ বাংলাদেশ অ-১৯ মহিলা ফুটবল দল ভুটানকে ৬-০ গোলে ভারতকে ১-০ গোলে এবং শ্রীলংকাকে ১২-০ গোলে হারিয়ে ফাইনালে উঠে এবং ভারতেকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খ.১৫) ০৫-১৩ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত আল-মাহমুদ স্মৃতি আন্তর্জাতিক রেটিং দাবা প্রতিযোগিতায় বাংলাদেশের দাবারু গ্র্যান্ড মাস্টার জিয়াউর রহমান চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেন।

খ.১৬) ০৮-১৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ পর্যন্ত ইন্দোনেশিয়ায় অনুষ্ঠিত ১০ মিটার এয়ার রাইফেলস-এ বাংলাদেশ শ্যুটিং দল ১টি রৌপ্য ও ৩টি তাম্র পদক অর্জন করে।

খ.১৭) ২৩ ফেব্রুয়ারি হতে ০৫ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত আফগানিস্তান বনাম বাংলদেশের মধ্যে ৩টি ওয়ান-ডে ও ২টি টি-টুয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে আফগানিস্তানকে হারিয়ে বাংলদেশ ক্রিকেট দল ১ম ওয়ানডেতে ৪ উইকেটে, ২য় ওয়ানডেতে ৮৮ রানে ২-১ সিরিজ জয় এবং টি-২০ তে ১-১ সমতা করে।

চলমান পাতা/০৯

খ.১৮) ১২-২০ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত ইন্দোনিশিয়ায় অনুষ্ঠিত এএইচএফ হকি চ্যাম্পিয়নশীপে বাংলাদেশ হকি দল ফাইনালে ওমানকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খ.১৯) ১৪-১৯ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত থাইল্যান্ডে ফুকেটে অনুষ্ঠিত এশিয়া ওয়ার্ল্ড র‌্যাংকিং আরচ্যারী টুর্ণামেন্ট (স্টেজ)-১ এ বাংলাদেশ আরচার দল ৩টি স্বর্ণ, ১টি রৌপ্য পদক অর্জন করে।

খ.২০) ১৫-২৫ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত ভারতে অনুষ্ঠিত অনুর্ধ্ব-১৮ নারী ফুটবল চ্যাম্পিয়নশীপে বাংলাদেশ নারী ফুটবল দল নেপালকে হারানোর গৌরব অর্জন করে।

খ.২১) ১৬-২৫ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত বঙ্গবন্ধু কাপ-২০২২ আন্তর্জাতিক কাবাডি টুর্ণামেন্ট বাংলাদেশ কাবাডি দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খ.২২) ২৬ মার্চ, ২০২২ তারিখ বাংলাদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক কাবাডি ফেন্ডলি ম্যাচে বাংলদেশ কাবাডি দল নেপাল জাতীয় কাবাডি দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খ.২৩) ২৭-৩১ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশের কক্সবাজারে অনুষ্ঠিত “বঙ্গবন্ধু চার জাতি ফিজিক্যাল চ্যালেঞ্জড ক্রিকেট টুর্ণামেন্ট ২০২২” এ বাংলদেশ ক্রিকেট দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খ.২৪) ০৬ মে হতে ১১ মে ২০২২ তারিখ পর্যন্ত ইরাকের সোলেমানিয়ায় অনুষ্ঠিত এশিয়া কাপ আরচ্যারী স্টেজ-২ বাংলাদেশ আরচ্যারী দল ৪টি রৌপ্য ও ৪টি তাম্র পদক অর্জন করে।

খ.২৫) ২-১৪ জুন ২০২২ তারিখ পর্যন্ত ভারতে অনুষ্ঠিত ফিবা অ-১৮ এশিয়ান বাস্কেটবল চ্যাম্পিয়নশীপ ২০২২ (সাবা কোয়ালিফায়ার্স) এ বাংলাদেশ জাতীয় অ-১৮ (বালক) বাস্কেটবল দর রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে।

খ.২৬) ৬ জুন হতে ১৬ জুলাই ২০২২ তারিখ পর্যন্ত ওয়েষ্ট ইন্ডিজে অনুষ্ঠিত বাংলাদেশ ও ওয়েস্ট ইন্ডিজের মধ্যে ২টি টেস্ট, ৩টি একদিনের এবং ৩টি টি-২০ ক্রিকেট ম্যাচে বাংলাদেশ ক্রিকেট দল ওয়ানডে ১ম ম্যাচে ওয়েস্ট ইন্ডিজকে ৬ উইকেটে ২য় ওয়ানডেতে ৯ উইকেটে ৩য় ওয়ানডেতে ৩ উইকেটে হারিয়ে ৩-০ হোয়াইট ওয়াশ করার গৌরব অর্জন করে।

খ.২৭) ২৩ ও ২৬ জুন ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশে অনুষ্ঠিত ২টি ফিবা টায়ার-১ আন্তর্জাতিক নারী ফুটবল ম্যাচে বাংলাদেশ নারী ফুটবল দল মালয়েশিয়া নারী ফুটবল দলকে হারিয়ে ১-০ জয় লাভ করে।

খ.২৮) ১২-১৪ জুন ২০২২ তারিখ পর্যন্ত ভারতের রাজস্থানের জয়পুরে অনুষ্ঠিত আইএমএস এশিয়ান কুমি (মার্শাল আর্ট) প্রতিযোগিতায় বাংলাদেশ মার্শাল আর্ট দল (জাতীয় দল) ৩টি স্বর্ণ, ৩টি রৌপ্য এবং ১টি তাম্র পদক অর্জন করে।

খ.২৯) ১৭-২২ জুন ২০২২ তারিখ পর্যন্ত মালদ্বীপে অনুষ্ঠিত অ-১০ র‌্যাপিড দাবা ইভেন্টে ওয়াশিয়া খুশবু তেহজি স্বর্ণ, অনুর্ধ্ব-১২ স্যান্ডার্ড ইভেন্টে সাক-লাইন মোস্তফা সাজিদ রৌপ্য, অনুধ্ব-১২ ব্লিটজ দাবা ইভেন্টে তাম্র এবং অনুর্ধ্ব-১৪ র‌্যাপিডে দাবা ইভেন্টে মোঃ সাজিদুল হক তাম্র পদক অর্জন করে (১টি স্বর্ণ, ১টি রৌপ্য ও ২টি তাম্র)।

খ৩০) ২১-২২ জুন ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশের রাজধানী ঢাকায় অনুষ্ঠিত বঙ্গবন্ধু বাংলাদেশ নেপাল আন্তর্জাতিক রাগবি সিরিজ ২০২২ নেপালকে হারিয়ে বাংলাদেশ রাগবি দল ৩-০ সিরিজ জয় করে।

**গ) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান:**

গ.১) ১১-১৯ নভেম্বর, ২০২১ তারিখ পর্যন্ত ২২তম এশিয়ান আর্চারি চ্যাম্পিয়নশীপ-২০২১, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বাংলাদেশ ০১টি রৌপ্য ও ০২টি তাম্র পদক অর্জন করে।

চলমান পাতা/১০

গ.২) ১২-১৯ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত ২০২২ এশিয়া কাপ ওয়ার্ল্ড র‌্যাংকিং টুর্নামেন্ট-১ ফুকেট, থাইল্যান্ড এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বাংলাদেশ ০২টি স্বর্ণ পদক অর্জন করে।

গ.৩) ০৬-১১ মে, ২০২২ তারিখ পর্যন্ত ২০২২ এশিয়া কাপ ওয়ার্ল্ড র‌্যাংকিং টুর্নামেন্ট-২ বাগদাদ, ইরাক এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বাংলাদেশ ০২টি রৌপ্য ও ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.৪) ১৩-২৩ মে, ২০২২ তারিখ পর্যন্ত 19th ISF Gymnasiade School Summer Games, Normandie, France এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বাংলাদেশ ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.৫) ২৬-২৯ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত ১৩তম জাতীয় আর্চারি চ্যাম্পিয়নশীপ-২০২২, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০২টি স্বর্ণ, ০৩টি রৌপ্য ও ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.৬) ০৩ মার্চ, ২০২২ তারিখ ২০২২ ন্যাশনাল ওপেন র‌্যাংকিং টুর্নামেন্ট-১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ ও ০৩টি তাম্র পদক অর্জন করে।

গ.৭) ১০ মার্চ, ২০২২ তারিখ ২০২২ ন্যাশনাল ইয়ুথ র‌্যাংকিং টুর্নামেন্ট-২ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৯টি স্বর্ণ, ০৮টি রৌপ্য ও ০৮টি তাম্র পদক অর্জন করে।

গ.৮) ২২ ও ২৩ অক্টোবর, ২০২১ শহীদ শেখ রাসেল ৩৭তম জাতীয় জুনিয়র এ্যাথলেটিক্স প্রতিযোগিতা-২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ১৮টি স্বর্ণ, ১১টি রৌপ্য ও ১১টি তাম্র পদক অর্জন করে।

গ.৯) ০৬-০৭ ডিসেম্বর ২০২১ তারিখ ইয়ুথ এ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশীপ-২০২১ নেপাল এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৫টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.১০) ৩,৪ ও ৫জানুয়ারী, ২০২২ তারিখ শহীদ শেখ কামাল ৪৫তম জাতীয় এ্যাথলেটিক্স প্রতিযোগিতা -২০২২ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০২টি স্বর্ণ, ০১টি রৌপ্য ও ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.১১) ১৫-১৯ নভেম্বর ২০২১ তারিখ বঙ্গবন্ধু ৬ষ্ঠ সাউথ এশিয়ান বাস্কেটবল চ্যামিপয়ানশীপ-**২০২১**, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি তাম্র পদক অর্জন করেন।

গ.১২) **২৮ নভেম্বর হতে ১লা ডিসেম্বর ২০২১ তারিখ** ৩০তম পুরুষ ও ৬ষ্ঠ মহিলা জাতীয় সিনিয়র বক্সিং প্রতিযোগিতা-২০২১, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০২টি স্বর্ণ, ০২টি রৌপ্য পদক অর্জন করে।

গ.১৩) ২৬-৩১ অক্টোবর, ২০২১ তারিখ বঙ্গবন্ধু ৫ম সেন্ট্রাল সাউথ এশিয়ান আর্টিষ্টিক্স জিমন্যাস্টিক্স চ্যাম্পিয়নশীপ, ২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০২টি তাম্র পদক অর্জন করে।

গ.১৪) ৩০ মার্চ, ২০২২ তারিখ বঙ্গবন্ধু মহান স্বাধীনতা ও জাতীয় দিবস জিমন্যাস্টিক্স প্রতিযোগিতা-২০২২ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৩টি স্বর্ণ, ০৩টি রৌপ্য ও ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.১৫) ২১-২২ জানুয়ারি,২০২২ তারিখ ৩৭তম জাতীয় জুডো প্রতিযোগিতা ২০২২ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৫টি স্বর্ণ, ০১টি রৌপ্য ও ০৬টি তাম্র পদক অর্জন করে।

গ.১৬) ৩০ ডিসেম্বর, ২০২১-০১ জানুয়ারি ২০২২ তারিখ বি জি আন্তর্জাতিক কারাতে প্রতিযোগিতা-২০২১, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৪টি স্বর্ণ ও ০২টি তাম্র পদক অর্জন করে।

গ.১৭) ০৮-১৮ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ আইএসএসএফ গ্রান্ড প্রিক্স ইন্দোনেশিয়া, জাকার্তা এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.১৮) ২০-২৩ অক্টোবর, ২০২১ তারিখ হামিদুর রহমান জাতীয় ইয়ূথ শ্যুটিং চ্যাম্পিয়নশীপ-২০২১, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৪টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ০২টি তাম্র পদক অর্জন করে।

চলমান পাতা/১১

গ.১৯) ০১-০৫ জুন,২০২২ তারিখ ২৫তম আন্ত ক্লাব শ্যুটিং প্রতিযোগিতা, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ, ০৩টি রৌপ্য পদক অর্জন করে।

গ.২০) ১০-১৪ মার্চ, ২০২২ তারিখ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এয়ারগান চ্যাম্পিয়নশীপ- ২০২২, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ, ০২টি রৌপ্য ও ০২টি তাম্র পদক অর্জন করে।

গ.২১) ২২-২৪ অক্টোবর ২০২১ তারিখ বঙ্গবন্ধু ৩০তম জাতীয় সাঁতার ডাইভিংও ওয়াটারপোলো প্রতিযোগিতা – ২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি রৌপ্য ও ১২টি তাম্র পদক অর্জন করে।

গ.২২) ০৩-০৫ অক্টোবর ২০২১ তারিখ বঙ্গবন্ধু ৩৪তম জাতীয় বয়স ভিত্তিক সাঁতার ও ডাইভিং প্রতিযোগিতা – ২০২১ মিরপুর সুইমিং কমপ্লেক্স এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ৪৮টি স্বর্ণ, ৫৩টি রৌপ্য ও ৪২টি তাম্র পদক অর্জন করে।

গ.২৩) ২৯ মার্চ-১লা এপ্রিল ২০২২ তারিখ বঙ্গবন্ধু ৩১তম জাতীয় সাঁতার ডাইভিং ও ওয়াটারপোলো প্রতিযোগিতা ২০২২মিরপুর সুইমিং কমপ্লেক্স এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ১০টি তাম্র পদক অর্জন করে।

গ.২৪) ০৯ - ১১ এপ্রিল ২০২২ তারিখ সাউথ এশিয়ান জুনিয়র এন্ড ক্যাডেট টেবিল টেনিস চ্যাম্পিয়নশীপ, মালে, মালদ্বীপ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ ও ০৫টি তাম্র পদক অর্জন করে।

গ.২৫) ০১ - ০২ ডিসেম্বর, ২০২১ তারিখ বঙ্গবন্ধু বিকেএসপি কাপ টেবিল টেনিস প্রতিযোগিতা, বিকেএসপি, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৭টি স্বর্ণ ও ০৫টি রৌপ্য পদক অর্জন করে।

গ.২৬) ০১-০৩ ডিসেম্বর, ২০২১ তারিখ জুনিয়র টেনিস ইনিশিয়েটিং (জেটিআই), এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ ও ০১টি রৌপ্য পদক অর্জন করে।

গ.২৭) ১৮-২৯ মার্চ, ২০২২ তারিখ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস টেনিস প্রতিযোগিতা-২০২২, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৫টি স্বর্ণ ও ০৪টি রৌপ্য পদক অর্জন করে।

গ.২৮) ০৬-১১ জানুয়ারি, ২০২২ তারিখ মুজিব শতবর্ষ মহিলা টেনিস প্রতিযোগিতা ২০২১, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি রৌপ্য পদক অর্জন করে।

গ.২৯) ১১-১৭ ডিসেম্বর, ২০২১ তারিখ জব্বার স্মৃতি জাতীয় টেনিস প্রতিযোগিতা, ২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ ও ০৩টি রৌপ্য পদক অর্জন করে।

গ.৩০) ২৭-২৯ মে,২০২২ তারিখ জাতীয় জুনিয়র টেনিস টুর্নামেন্ট, ২০২২, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০১টি স্বর্ণ ও ০২টি রৌপ্য পদক অর্জন করে।

গ.৩১) ৩০-৩১ জানুয়ারী ২০২১ অনলাইন হিরোস তায়কোয়ানডো আর্ন্তজাতিক লিগ ৩০-৩১ জানুয়ারী ২০২১ অনলাইন এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৪টি স্বর্ণ ও ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.৩২) ২৫-৩০ ডিসেম্বর, ২০২১ তারিখ ১ম শ্রীলংকা ওপেন ইন্টারন্যাশনাল ভার্চুয়াল চ্যাম্পিয়নশীপ-২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০২টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ০৪টি তাম্র পদক অর্জন করে।

গ.৩৩) ২৬-২৯ ডিসেম্বর ২০২১ তারিখ মুজিববর্ষ ট্রাষ্ট ব্যাংক ১৯ তম জাতীয় সিনিয়র/জুনিয়র তায়কোয়ানডো প্রতিযোগিতা-২০২১, এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৭টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ০১টি তাম্র পদক অর্জন করে।

গ.৩৪) ১৫ আগস্ট ২০২১ থেকে ০৪ অক্টোবর ২০২১ তারিখ এশিয়ান ট্রাডিশনাল উশু গেমস(অনলাইন) এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৩টি তাম্র পদক অর্জন করে।

চলমান পাতা/১২

গ.৩৫) ১৮ অক্টোবর, ২০২১ থেকে ০৩ নভেম্বর,২০২১ তারিখ আইডব্লিউইউএফ তাউলু ভার্চুয়াল কম্পিটিশন২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০২টি রৌপ্য ও ০৪টি তাম্র পদক অর্জন করে।

গ.৩৬) ২৯-৩১ ডিসেম্বর ২০২১ তারিখ ক্লাব কাপ উশু চ্যাম্পিয়নশীপ-২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ১৬টি স্বর্ণ, ০৯টি রৌপ্য ও ০২টি তাম্র পদক অর্জন করে।

গ.৩৭) ২৯-৩১ জানুয়ারি ২০২২ তারিখ ১৬তম জাতীয় উশু চ্যাম্পিয়নশীপ-২০২১ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০৫টি স্বর্ণ, ০৪টি রৌপ্য ও ০৩টি তাম্র পদক অর্জন করে।

গ.৩৮) ১৮-১৯ জুন ২০২২ তারিখ ৩য় জাতীয় মহিলা উশু চ্যাম্পিয়নশীপ-২০২২ এ অনুষ্ঠিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ০২টি তাম্র পদক অর্জন করে।

**ঘ) যুব উন্নয়ন অধিদপ্তর:**

ঘ.১) করোনা ভাইরাস ও বৈশ্বিক পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলা করে প্রশিক্ষণ, ঋণ, যুব সংগঠন নিবন্ধন ও জাতীয় যুব পুরস্কার প্রদানের লক্ষ্যমাত্রা অর্জন;
ঘ.২) পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের সাথে যৌথউদ্যোগে সেতু নির্মাণের ফলে ক্ষতিগ্রস্থদের প্রশিক্ষণ প্রদান;
ঘ.৩) এন আর বি ব্যাংকের সাথে সমঝোতা স্বাক্ষরের মাধ্যমে যুবদের ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের ব্যবস্থাকরণ;
ঘ.৪) যানবাহন ও ইমপ্যাক্ট (৩য় পর্যায়) প্রকল্পের কার্যক্রম শুরু করণ;
ঘ.৫) অধিদপ্তরের কার্যক্রম বিস্তৃতির লক্ষ্যে বিশ্বব্যাংক ও আই এল ও এর সাথে যৌথ কার্যক্রমের উদ্যোগ গ্রহণ;
ঘ.৬) ৭ দিন মেয়াদি জাতীয় যুবমেলা ২০২১ উদযাপনের মাধ্যমে যুব কার্যক্রম গতিশীলকরণ;
ঘ.৭) মাঠ পর্যায়ের ৬৪ জেলা কার্যালয়ের এপিএ চুক্তি ও প্রতিবেদন এপিওএমএস সফটওয়্যারে আপলোডের ব্যবস্থা গ্রহণ।
ঘ.৮) ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মাধ্যমে ৫০০০ জনকে ২ বছরের জন্য অস্থায়ী কর্মসংস্থান প্রদান করা হয়েছে;

**ঙ) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন:** ২০২১-২০২২ অর্থ-বছরে ১৩৫০ জন অসচ্ছল, আহত, অসমর্থ ও দুস্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের নিয়মিত মাসিক অনুদান/এককালীন অনুদান প্রদান করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'মুজিববর্ষ' ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী' পালনে বিভিন্ন কর্মসূচিতে বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন সক্রিয় অংশগ্রহণ করে।

**চ) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট:**
**চ.১) ইনস্টিটিউটের অনুকুলে বিএলআরআই কর্তৃক ৩.৩৮ একর জমি হস্তান্তর সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর।**
**চ.২) ইনস্টিটিউটের নির্বাহী কাউন্সিলের ২য় সভার আয়োজন।**
**চ.৩) ইনস্টিটিউটের একাডেমিক কাউন্সিলের ২য় ও ৩য় সভার আয়োজন।**
**চ.৪) ইনস্টিটিউটের রাজস্ব বাজেটের অর্থায়নে ১২৪৬ জন যুব ও যুবনারীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান।**
**চ.৫) 'মুজিববর্ষ' উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালন করা।**
**চ.৬) 'স্বধীনতার সুবণজয়ন্তী' উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালন করা।**
**চ.৭) জাতীয় পর্যায়ে যুব মত বিনিময় কর্মসূচি পালন।**
**চ.৮) যুব সমাবেশের আয়োজন।**
**চ.৯) যুব গবেষণা সেল ও ল্যাংগুয়েজ ক্লাব গঠন।**
**চ.১০) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২১ প্রণয়ন।**
**ছ) ক্রীড়া পরিদপ্তর :**

ছ.১) ২০২১-২০২২ অর্থ বছরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব -১৭),২০২১ ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব -১৭),২০২১ আয়োজনের ফলে উপজেলা থেকে জেলা পর্যায় পর্যন্ত মোট ১,০৭,৮৭৪ (এক লক্ষ সাত হাজার আটশত চুয়াত্তর) জন ছেলে-মেয়ে উক্ত টুর্নামেন্টে অংশ নেয়ার সুযোগ পায়। এর ফলে ফুটবলের মান উন্নয়নের সাথে সাথে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষণপূর্বক তাদেরকে দক্ষ খেলোয়াড় হিসেবে গড়ে তোলার ক্ষেত্র তৈরী হয়।

ছ.২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব -১৭), ২০২১ থেকে ৪০ জন প্রতিভাবান খেলোয়াড় এবংবঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব -১৭)), ২০২১ থেকে ৪০ জন প্রতিভাবান খেলোয়াড়কে উচ্চতর প্রশিক্ষণের জন্য মনোনীত করা।

ছ.৩) ২০২১-২০২২ অর্থ বছরে ক্রীড়া পরিদপ্তর প্রণীত বার্ষিক ক্রীড়া কর্মসূচির মাধ্যমে সারাদেশ হতে ২৮১৮ জন প্রতিভাবান খেলোয়াড় সনাক্ত করণ।

ছ.৪) ক্রীড়া পরিদপ্তরের ইনোভেটিভ আইডিয়া “ফ্লিক”এর আওতায় নির্বাচিত নারী প্রশিক্ষকদের “কমিউনিটি হকি প্রশিক্ষণ কোর্স” ২২/১০/২০২১ থেকে ২৮/১০/২০২১ সম্পন্ন করা হয়।

ছ.৫) **সরকারি শারীরিক শিক্ষা কলেজের মাধ্যমে বিপিএড ও এমপিএড কোর্সে মোট ৫৯৭ জন ছাত্র-ছাত্রীকে শারীরিক শিক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।**

ছ.৬) **২৫ জন ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর নিয়োগ।**

মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে ১লা জুলাই ২০২১ হতে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম:

ক্রীড়া পরিদপ্তর:

১) ২০/০৮/২০২১ থেকে ০৩/০৯/২০২১ পর্যন্ত প্রতিভাবান নারী হকি খেলোয়াড়দের আবাসিক প্রশিক্ষণ ও প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

২) ২২/১০/২০২১ থেকে ২৮/১০/২০২১ পর্যন্ত ক্রীড়া পরিদপ্তরের ইনোভেটিভ আইডিয়া “ফ্লিক”এর আওতায় নির্বাচিত নারী প্রশিক্ষকদের “কমিউনিটি হকি প্রশিক্ষণ কোর্স” অনুষ্ঠিত হয়।

৩) ০১/১২/২০২১ থেকে ০৯/১২/২০২১ পর্যন্ত জাতির পিতা”বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট , বালক (অনূর্ধ্ব-১৭)” ও “বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭)” এর জাতীয় পর্যায়ের খেলা আয়োজন করা হয়।

৪) ১৭/০১/২০২২ থেকে ১৬/০৩/২০২২ পর্যন্ত জাতির পিতা”বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট , বালক (অনূর্ধ্ব-১৭)” ও “বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট, বালিকা (অনূর্ধ্ব-১৭)” টুর্নামেন্ট থেকে বাছাইকৃত ৮০ জন প্রতিভাবান খেলোয়াড়দের আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

৫) ২১/০২/২০২২ থেকে ২৮/০২/২০২২ পর্যন্ত “ শেখ রাসেল ডেভেলপমেন্ট কাপ ফুটবল টুর্নামেন্ট বালক অনূর্ধ্ব- ১৫” এর জাতীয় পর্যায়ের খেলা আয়োজন করা হয়।

৬) ০৮/০৩/২০২২ থেকে ১১/০৩/২০২২ পর্যন্ত “শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্ট বালক অনূর্ধ্ব-১৫” ও “শেখ রাসেল বিচ ফুটবল টুর্নামেন্ট বালিকা অনূর্ধ্ব-১৫, ২০২২ এ খেলা আয়োজন করা হয়।

চলমান পাতা/১৪

**৯.৩ ২০২১-২২ অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি) : নেই**

**(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :**

১০.১ ২০২১-২০২২ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি? হয়েছে।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ :

১১-১৪ ক্রমিক নং যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট নয়।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য)

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| **যুব ও ক্রীড়া মন্ত্রণালয়** | - | - | - | **১২** |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ০৬ | ৫৪.৯৭৮ | ৪৬.৬৭৪২ (৮৪.৮৯৬%) | |
| জাতীয় ক্রীড়া পরিষদ | ১৪ | ৩২৫.৯৮০০ | ৩২৩.০৩৬৮ (৯৯.১০%) | |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | ০৪ | ৭২.৫৭ | ৬১.৯৬ (৮৫.৩৮%) | |
| ক্রীড়া পরিদপ্তর | - | - | - | |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | |
| মোট= | **২৪** | ৪৫৩.৫২৮ | ৪৩১.৬৭১ (৯৫.১৮%) | ১২ |

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার নাম | শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|---|
| | **১** | **২** | **৩** | **৪** |
| **যুব ও ক্রীড়া মন্ত্রণালয়** | - | - | - | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | | | | |
| | | | | |

চলমান পাতা/১৫

| | | | | |
|---|---|---|---|---|
| জাতীয় ক্রীড়া পরিষদ | ০২ টি | ০৫ টি | - | (১) কক্সবাজার বীরশ্রেষ্ঠ রহুল আমিন স্টেডিয়াম উন্নয়ন এবং একটি ইনডোর স্টেডিয়াম নির্মাণ প্রকল্প।<br>(২) রংপুর জেলা স্টেডিয়াম আধুনিক মিডিয়া সেন্টার ও ইনডোর স্টেডিয়াম নির্মাণসহ অধিকতর উন্নয়ন।<br>(৩) মুন্সীগঞ্জ জেলাস্থ শ্রীনগর উপজেলা স্টেডিয়ামে এবং দিনাজপুর জেলাস্থ পার্বতীপুর উপজেলা স্টেডিয়াম এর উন্নয়ন প্রকল্প।<br>(৪) কক্সবাজার জেলায় শেখ কামাল আন্তর্জাতিক ক্রিকেট এবং ফুটবল স্টেডিয়াম কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে ফিজিবিলিটি স্ট্যাডি প্রকল্প।<br>(৫) ২৫টি জেলা সদরে বিদ্যমান টেনিস অবকাঠামো সমূহের উন্নয়ন-১ম সংশোধিত। |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | ০২ | ০২ | ১। বিকেএসপি প্রমিলা হোস্টেল, সুইমিং পুল এবং ক্রিকেট ইনডোর কমপ্লেক্স।<br>২। বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুরে সিনথেটিক হকি টার্ফ স্থাপন, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট সিনথেটিক ফুটবল মাঠ, একাডেমিক ভবন এবং সুইমিংপুলের আধুনিকায়ন। |
| ক্রীড়া পরিদপ্তর | | | | |
| বঙ্গাবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | | | | |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | | | | |
| মোট= | ৩টি | - | - | - |

চলমান পাতা/১৬

**(১৭) অবকাঠামো উন্নয়ন: জাতীয় ক্রীড়া পরিষদের** (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থবছরে (২০২১-২২) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থবছরে (২০২১-২২) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি) : ১৪টি উন্নয়ন প্রকল্পের অনুকূলে চলতি অর্থ বছরের (২০২১-২০২২) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে **৩২৫৯৮.০০** লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দের মধ্যে জুন ২০২২ পর্যন্ত ৩২৫৯৬.৮৮ লক্ষ টাকা বিমুক্ত হয়েছে এবং বিমুক্তকৃত অর্থের মধ্যে ৩২৩০৩.৬৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা অবমুক্তির ৯৯.১০%।

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রমিক | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০২০-২১) | | পূর্ববর্তী বছর (২০২০-২১) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| যুব উন্নয়ন অধিদপ্তর | ০১। | ক্ষুদ্র ঋণ কর্মসূচি | ৩৮৭৭৩ জন | ১২৭৮৮.৩৭ | ৩০১৪৩ জন | ১০৭১৯.৩৯ |
| | ০২। | ন্যাশনাল সার্ভিস কর্মসূচি (২৪-৩৫ বয়সের বেকার শিক্ষিত যুবদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও ২ বছরের অস্থায়ী কর্মসংস্থান সৃষ্টি) | ৫০০০ জন | ২৪৯৫১.৯০ | ৫৯৫৯২ জন | ৬৪৯৪৯.২৪৬ |
| মোট = | | | ৪৩৭৭৩ | ৩৭৭৪০.২৭ | ৮৯৭৩৫ | ৭৫৬৬৮.৬৩৬ |

(মেজবাহ উদ্দিন)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়